দৈনিক খবর

1 DEC 1991
তারিখ 10 DEC 1991
পৃষ্ঠা ... কলাম ...

74

20

### অভিভাবকরা তদন্ত দাবী করেছেন

# কর্তৃপক্ষের জটিলতায় ২৭২ জন ছাত্র–ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত

নীলফামারী, ৯ই ডিসেম্বর (জেলা প্রতিনিধি)।– ডোমার উপজেলার ২৭২ জন প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র–ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। প্রাথমিক বৃত্তি পরীক্ষার জন্য এ বছর ডোমার উপজেলার ২৭২ জন শিশুকে বাছাই করা হয়। নিয়ম অনুযায়ী বৃত্তি পরীক্ষার ফি ৩০শে নভেম্বর '৯১–এর মধ্যে বোর্ডে পাঠাতে হয়। সে অনুযায়ী ড্রাফট করার জন্য ডোমার উপজেলা শিক্ষা অফিসার গত ২৪শে নভেম্বর হিসাবরক্ষকে টাকা তোলার জন্য ডোমার সোনালী ব্যাংকের একটি চেক প্রদান করেন। কিন্তু ডোমার উপজেলা নির্বাহী অফিসার চেকটির অর্থ প্রদান না করার জন্য ব্যাংক ম্যানেজারকে বলেন। ব্যাংক ম্যানেজারকে জিজ্ঞাসাবাদ করলে তিনি বলেন, ইউএনও সাহেব উপজেলা সহকারী শিক্ষা অফিসারের স্বাক্ষর সত্যায়িত করে পাঠালে টাকাটি প্রদান করতে বলেন। এভাবে টাকা দিতে পারেন কি–না জিজ্ঞাসা করা হলে ম্যানেজার বলেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। বৃত্তি পরীক্ষার ফি–এর টাকাটি গত ২৯শে নভেম্বর পর্যন্ত তুলতে না পারলে ২৭২ জন ছাত্র–ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। এর জন্য আসলে দায়ী কে তদন্ত করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অভিভাবকরা দাবী করেন।